# ক্ষমতায়িত স্কুলের কার্যসম্পাদনার চুক্তি ২০০৬-২০০৭
# EMPOWERMENT SCHOOL PERFORMANCE AGREEMENT 2006-2007

*যেহেতু* ______________________________________________ (principal's name), ______________________________________________ (name of school)- এর প্রিন্সিপ্যাল, সকল শিশুর জন্য শিক্ষার্থী-অর্জন বাড়াবার ব্যাপারে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন-এর গভীর দায়িত্ববোধের সঙ্গে সমভাবনা পোষণ করেন;

*যেহেতু*, ক্ষমতায়িত স্কুলগুলিকে এইভাবে বর্ণনা করা হয়েছে যে আমাদের শিক্ষার্থীরা তখনই লাভবান হবে যখন প্রিন্সিপ্যালদের হাতে তাদের স্কুল কম্যুনিটিকে প্রভাবিত করতে পারে এমন মূল সিদ্ধান্তের ওপর প্রভাব-সৃষ্টিকারী ক্ষমতা থাকবে, যার অন্তর্ভুক্ত হল শিক্ষাগত সিদ্ধান্তের ক্ষেত্রে ব্যাপকতর ক্ষমতা, তাদের বাজেটের ওপর আরো স্বাধীনতা, যারা তাদের সহায়তা করবে সেই নিবেদিত প্রশাসনিক দলটিকে নির্বাচন এবং মূল্যায়ন করার ক্ষেত্রে আরো বেশি ভূমিকা এবং কাগজপত্রের কাজ ও রিপোর্ট করার আবশ্যকতা কমানো; এবং

*যেহেতু*, ক্ষমতায়িত স্কুলগুলিকে আরো এইভাবে বর্ণনা করা হয়েছে যে ক্ষমতায়ন এবং দায়বদ্ধতা পরস্পরের শক্তি বৃদ্ধিকারী গুণ এবং এই সকল স্কুল দায়বদ্ধতার প্রতি একটি নতুন, সুচিন্তিত ভাবনার অগ্রদূত যা নিউ ইয়র্ক সিটির সব পাবলিক স্কুলের ক্ষেত্রেই প্রযোজ্য।

সুতরাং, এই কার্যসম্পাদনার চুক্তিতে অংশগ্রহণকারী দলগুলি যে সকল শর্তে অংশগ্রহণ করে তা নিচে উল্লেখ করা হলো:

## I. মেয়াদ

এই কার্যসম্পাদনার চুক্তিটি ২০০৬-০৭ স্কুলবর্ষ থেকে ২০০৯-২০১০ স্কুলবর্ষ অবধি কার্যকর থাকবে যদি না বাতিল করা হয় বা সংশোধন করা হয়।

## II. ক্ষমতায়ন

মূল ক্ষমতায়নের প্রধান উপাদানসমূহের একটি সারসংক্ষেপ নিচে দেয়া হল। স্কুলকে দেয়া কর্তৃত্ব এবং ডি.ও.ই.-এর সহায়তার অতিরিক্ত বিবরণ ২০০৬-২০০৭-এর ‘এম্পাওয়ারমেন্ট স্কুলস্ রেফারেন্স গাইড’-এ অন্তর্ভুক্ত করা হয়েছে।

### A. শিক্ষামূলক কর্মসূচি

একটি ক্ষমতায়িত স্কুলের নেতা হিসাবে, আপনাকে আপনার স্কুলের মূল শিক্ষামূলক সিদ্ধান্তের ওপর কর্তৃত্ব দেয়া হল, যাতে অন্তর্ভুক্ত রয়েছে কিন্তু সীমাবদ্ধ নয়

1) স্কুলের কর্মী এবং প্রশাসনের পেশাগত উন্নতি এবং প্রশিক্ষণমূলক সহায়তা
2) ডি.ও.ই.-এর মূল পাঠ্যসূচির প্রয়োগ বা অনুমোদনের জন্য একটি বিকল্প প্রস্তাব করার সুযোগ
3) ডি.ও.ই.-এর মধ্যবর্তী মূল্যায়ন ব্যবস্থার বাস্তবায়ন বা অনুমোদনের জন্য একটি বিকল্প প্রস্তাব করার সুযোগ
4) সব প্রযোজ্য চুক্তি, ইউনিয়নের চুক্তি, আইন এবং নিয়মকানুনের সঙ্গে সঙ্গতিপূর্ণভাবে গ্রীষ্মকালীন ও দীর্ঘায়িত দিবা কর্মসূচি
5) স্কুলের সময়সূচি, যার অন্তর্ভুক্ত দৈনন্দিন এবং বার্ষিক স্কুল ক্যালেন্ডার, যে কোন অতিরিক্ত ব্যয় পরিশোধ করার দায়িত্ব স্কুল গ্রহণ করা সাপেক্ষে
6) ই.এল.এল. এবং বিশেষ শিক্ষার শিক্ষার্থীদের প্রযোজ্য আইন ও নিয়মের সঙ্গে সঙ্গতিপূর্ণভাবে পরিষেবা দেয়ার জন্য শিক্ষা-নির্দেশনায় সহায়তা
7) কর্মসূচির উন্নয়ন এবং প্রয়োগ সহায়তা, যার অন্তর্ভুক্ত স্যাটারডে প্রেপ অ্যাকাডেমি এবং শিক্ষার্থী অনুশাসন
8) নতুন শিক্ষক-শিক্ষিকাকে পরামর্শদান

### B. সম্পদ ব্যবস্থাপনা

একটি ক্ষমতায়িত স্কুলের নেতা হিসাবে, নিচে বর্ণিত দু রকম পদ্ধতিতে আপনাকে অতিরিক্ত তহবিল ব্যবহারের অনুমোদন দেয়া হল: 1) নতুন অবাধ তহবিল 2) আপনার বর্তমান বাজেটের নির্দিষ্ট তহবিলের উপর কড়াকড়ি শিথিল করা।

1) ২০০৬-২০০৭ স্কুলবর্ষের জন্য স্কুল প্রতি সাধারণভাবে ১৫০,০০০ ডলার অতিরিক্ত অবাধ তহবিল দেয়া হয়েছে। প্রতিটি স্কুলকে ৭৫,০০০ ডলারের সমপরিমাণ অর্থ দেয়া হবে এবং প্রতি শিক্ষার্থীর নিবন্ধনের ওপর ভিত্তি করে তার জন্য বরাদ্দ দেয়া হবে। ক্ষমতায়ন স্কুলের নির্বাচন প্রক্রিয়া সমাপ্ত না হওয়া পর্যন্ত শিক্ষার্থী প্রতি বরাদ্দের সঠিক পরিমাণ চূড়ান্ত করা সম্ভব নয়। তবে, আপনার স্কুলের জন্য ২০০৬-২০০৭ স্কুলবর্ষে সম্ভাব্য সংখ্যাটি হল $________. ডি.ও.ই. ধারণা করে যে এই তহবিল পরবর্তী বছরগুলোতেও অব্যাহত থাকবে।

2) আপনার স্কুলের বর্তমান বাজেটের $________[1] নির্দিষ্ট ব্যবহারের জন্য রাখা থাকবে না, বরং তার পরিবর্তে প্রিন্সিপ্যালের ইচ্ছানুযায়ী এমনভাবে ব্যয় করা যাবে যা স্কুলের শিক্ষার উদ্দেশ্যকে সর্বোত্তমভাবে পুরণ করে। ডি.ও.ই. ধারণা করে যে এই তহবিল পরবর্তী বছরগুলোতেও অব্যাহত থাকবে।

ক্ষমতায়ি স্কুলগুলির প্রিন্সিপ্যালরা নিজেদের পছন্দমত যোগানদার, তা প্রাইভেট যোগানদার, ইউনিভার্সিটি, বা ডি.ও.ই. যাই হোক না কেন, তাদের কাছ থেকে পরিষেবা ক্রয় করার জন্য উভয় শ্রেণির তহবিলই ব্যবহার করতে পারবেন। সংগ্রহের প্রক্রিয়াটিকে সহজতর করে তোলা হয়েছে এই লেনদেনগুলি নিচে উল্লিখিতভাবে নমনীয় করার উদ্দেশ্যে:

1) ক্ষমতায়ন স্কুলগুলির সংগ্রাহক কার্ডের লেনদেনের বর্ধিত মাত্রা $ ২,৫০০ ডলার থেকে $ ৫,০০০ করা হয়েছে। যে কোন সময়ে কার্ডে সর্বাধিক এই পরিমাণ টাকা জমা রাখা যাবে এবং সেইসঙ্গে যে কোন একটি একক ক্রয় সম্পন্ন করার জন্য সর্বাধিক এই পরিমাণ অর্থ ব্যয় করা যাবে।

2) নিউ ইয়র্ক সিটির সঙ্গে বর্তমানে পরিষেবাদাতা চুক্তিতে আবদ্ধ নয় এরকম পরিষেবাদাতার কাছ থেকেও ক্ষমতায়িত স্কুলগুলি রেফারেন্স গাইডে বর্ণিত নিচের সংগ্রহের নিয়ম ব্যবহার করে সর্বোচ্চ $২৫,০০০ পর্যন্ত পরিষেবা ক্রয় করতে পারবে।

## C. প্রশাসনিক অব্যাহতি

একটি ক্ষমতায়ন স্কুলের নেতা হিসাবে, আপনি বহুবিধ শর্ত থেকে অব্যাহতি পাবেন যার অন্তর্ভুক্ত হল:

1) ডি.ও.ই.-এর প্রতিবেদন প্রদানের শর্তাবলি, যদি না ক্ষমতায়িত স্কুলগুলির মুখ্য নির্বাহীর কাছ থেকে কোন অনুরোধ আসে বা আইনি প্রয়োজন হয়।
2) ডি.ও.ই.-এর সভা বা অনুষ্ঠানসমূহে যোগদান, যদি না ক্ষমতায়ন স্কুলগুলির মুখ্য নির্বাহীর কাছ থেকে কোন অনুরোধ আসে
3) শিক্ষানির্দেশনামুলক উপকরণ ক্রয়ের ক্ষেত্রে পুর্ব-অনুমোদনের শর্তাবলি
4) চ্যান্সেলরের প্রবিধান বাছাই: স্কুলগুলি ছাড় পাওয়ার জন্য ক্ষমতায়িত স্কুলগুলির মুখ্য নির্বাহীকে অনুরোধ জানাতে পারে

## D. সম্বন্ধীকরণ অ্যাফিলিয়েশন

একটি ক্ষমতায়িত স্কুলের নেতা হিসাবে, আপনি সর্বাধিক অন্য বিশটি ক্ষমতায়ন স্কুলের সঙ্গে একটি সাধারণ শিক্ষাগত অভিনিবেশের ভিত্তিতে সম্বন্ধ সৃষ্টি করতে পারেন।

## E. সহায়তা কাঠামো

ক্ষমতায়িত স্কুলগুলি সংগঠিত হবে প্রায় বিশটি স্কুলের একটি নেটওয়ার্কে। প্রতিটি নেটওয়ার্ক একটি নিবেদিত নেটওয়ার্ক সহায়ক দলের কাছ থেকে সহায়তা পায়। একটি ক্ষমতায়ন স্কুলকে নেতৃত্ব দিতে রাজি হয়ে, আপনি আপনার স্কুল বহির্ভূত কর্মী নির্বাচন এবং মুল্যায়নে অংশ নিতে পারবেন, যার অন্তর্ভুক্ত হল:

1) নেটওয়ার্ক সহায়ক দলের নেতা নির্বাচন এবং মুল্যায়নে অংশগ্রহণ

[1] FY 07 বাজেটের অঙ্ক ৬/২/০৬ তারিখ অনুযায়ী-বরাদ্দ পরিবর্তিত হতে পারে। এছাড়াও, গ্রেড ৩ অনুশাসন বরাদ্দ থেকে তহবিল পাওয়া স্কুলগুলি এই তহবিল বরাদ্দের সময় অতিরিক্ত অবাধ তহবিল লাভ করবে।

2) নেটওয়ার্ক সহায়ক দলের সদস্যদের মুল্যায়ন

নেটওয়ার্ক স্কুলগুলি তাদের সন্তুষ্টির মাত্রার উপর ভিত্তি করে এই দলের সদস্যদের নগদ বোনাস পুরস্কার দেয়ার জন্য বেছে নিতে পারে। এছাড়া, সব ক্ষমতায়ন স্কুল একটি একীভূত পরিষেবা কেন্দ্রের সহায়তা পাবে। নেটওয়ার্ক সহায়ক দল এবং একীভূত পরিষেবা কেন্দ্র থেকে প্রাপ্ত সহায়তা বিষয়ে আরো জানার জন্য অনুগ্রহ করে রেফারেন্স গাইড দেখুন।

## III. দায়বদ্ধতা

শিক্ষার্থীর কার্যসম্পাদনার উন্নতি ও অগ্রগতির অন্যান্য লক্ষণ এবং স্কুল ব্যবস্থাপনার জন্য ক্ষমতায়িত স্কুলগুলির প্রিন্সিপ্যালদেরকে নিচে উল্লিখিতভাবে দায়বদ্ধ বলে বিবেচনা করা হয়।

### A. শিক্ষার্থীর অর্জনের লক্ষ্য পুরণ

প্রতি বছর, ক্ষমতায়িত স্কুলগুলি একটি অগ্রগতির রিপোর্ট পাবে যাতে "A" থেকে "F" পর্যন্ত একটি গ্রেড এবং সরেজমিন মান নিরীক্ষণের ওপর ভিত্তি করে প্রাপ্য "সু-উন্নত", "নিপুণ", বা "অনুন্নত" ইত্যাদি যে কোন একটি মানের স্কোর দেয়া থাকবে । আপনার স্কুল যাতে অগ্রগতির রিপোর্টে একটি "A" বা "B" গ্রেড পায় এবং মান নিরীক্ষণে একটি "+" (সু-উন্নত) বা "√" (নিপুণ) লাভ করে, তা নিশ্চিত করার দায়িত্ব আপনার।

২০০৬-এর গ্রীস্মে, আপনি একটি অগ্রগতির প্রতিবেদন পাবেন (গ্রেড ছাড়া) যার অন্তর্ভুক্ত থাকবে ২০০৬-০৭ স্কুলবর্ষে প্রাতিষ্ঠানিক কার্যসম্পাদনার লক্ষ্য। অফিস অব অ্যাকাউন্টেবিলিটি আপনার এবং একই রকম স্কুলের অতীতের কার্যসম্পাদনার ওপর ভিত্তি করে বার্ষিক এই লক্ষ্যগুলি স্থির করবে। পরবর্তী বছরগুলোয়, আপনার স্কুলের অগ্রগতির প্রতিবেদনের গ্রেড অংশত এই লক্ষ্য অর্জন করার ওপর নির্ভর করবে।

এই স্কোরগুলি নির্ধারণে ব্যবহৃত পদ্ধতির বিস্তারিত ব্যাখ্যার জন্য, অনুগ্রহ করে রেফারেন্স গাইডের দায়বদ্ধতা অংশটি দেখুন।

### B. শেখার জন্য একটি নিরাপদ ও সুরক্ষিত পরিবেশ প্রদান

একটি নিরাপদ এবং সুশৃঙখল শিক্ষণ পরিবেশ বজায় রাখার জন্য প্রতিটি ঘটনার রিপোর্ট যথাযথভাবে 'অনলাইন অকারেন্স রিপোর্টিং সিস্টেম'-এর মাধ্যমে পাঠানোর বিষয়টি নিশ্চিত করার দায়িত্ব আপনার।

### C. শিক্ষার্থী ভর্তি

এন.ওয়াই.সি.ডি.ও.ই.-এর ভর্তি সংক্রান্ত সব নীতি এবং অনুশীলন মেনে চলার দায়িত্ব আপনার।

### D. রাজস্বের অখন্ডতা প্রদর্শন

আপনার জন্য বরাদ্দকৃত বাজেট এবং প্রযোজ্য সুনির্দিষ্ট অর্থায়ন সংক্রান্ত বিধিনিষেধের সঙ্গে সঙ্গতিপূর্ণভাবে সম্পদ ব্যয় করার জন্য আপনি দায়বদ্ধ। আপনি এও নিশ্চিত করার জন্য দায়বদ্ধ যে আপনার ব্যয় চুক্তি ক্রয়ের নীতিমালা এবং প্রক্রিয়ার সঙ্গে সঙ্গতিপূর্ণ, যার অন্তর্ভুক্ত হল সংগ্রাহক কার্ড ক্রয়ের জন্য প্রতিযোগিতামূলক নিলাম ডাকের শর্তাবলি।

### E. প্রযোজ্য আইন, প্রবিধান এবং নীতিমালার সঙ্গে মানিয়ে চলা

প্রযোজ্য সকল ফেডারেল, স্টেট এবং স্থানীয় আইন ও প্রবিধান এবং প্রযোজ্য ইউনিয়ন চুক্তি ও ডি.ও.ই. নীতিমালার সঙ্গে সম্পূর্ণভাবে মানিয়ে চলার বিষয়টি নিশ্চিত করার জন্য আপনি দায়বদ্ধ। আপনাকে এও অবশ্যই নিশ্চিত করতে হবে যে রাজস্ব দাবিকে সমর্থন করার জন্য প্রয়োজনীয় নথি সময়মতো পুরণ করা হয়েছে ।

## IV. পুরস্কার এবং ফল

ক্ষমতায়িত স্কুলগুলি তাদের প্রাতিষ্ঠানিক এবং পরিচালনাগত দায়বদ্ধতা পূরণ করতে পারছে, তা নিশ্চিত করার জন্য, প্রতিটি স্কুলকে বছরে একবার এবং চুক্তির মেয়াদশেষে মুল্যায়ন করা হবে। অনানুষ্ঠানিক নিরীক্ষণ যে কোন সময় হতে পারে এবং নৈপুণ্যের অবনতি হলে, নিরীক্ষণ বৃদ্ধি পেতে পারে। ক্ষমতায়ন স্কুলগুলিকে প্রাতিষ্ঠানিক এবং অ-প্রাতিষ্ঠানিক উভয় প্রকার শর্তাবলি পূরণ করতে হবে।

প্রাতিষ্ঠানিক কার্যসম্পাদনার ক্ষেত্রে, অগ্রগতির প্রতিবেদন এবং অফিস অব অ্যাকাউন্টেবিলিটির দ্বারা সংগঠিত মান নিরীক্ষণের ওপর ভিত্তি করে ক্ষমতায়ন স্কুলগুলিকে পরিমাপ করা হবে। যে সব স্কুল নিয়মিতভাবে তাদের অগ্রগতির প্রতিবেদনে "A" এবং মান নিরীক্ষণের সময় "+" (সু-উন্নত) বা "√" (নিপুণ) লাভ করে এবং অন্য ভাবেও এই চুক্তির সঙ্গে সঙ্গতিপূর্ণ থাকে, তারা পুরস্কার এবং কৃতিত্ব লাভের যোগ্য বলে বিবেচিত হবে; তাদের স্কুলের জন্য অতিরিক্ত তহবিল এবং তাদের কার্যসম্পাদনার চুক্তির মেয়াদ আগেই বাড়ানো হবে। যে সব স্কুল "D" বা "F" গ্রেড পায় (অথবা পরপর তিন বছর ধরে "C"), তারা অনুশাসন দল, নেতৃত্ব পরিবর্তন (প্রযোজ্য চুক্তি, আইন এবং প্রবিধানের সঙ্গে সঙ্গতিপূর্ণ ভাবে) বা স্কুল বন্ধের মতো পরিণতির সম্মুখীন হতে পারে। প্রযোজ্য চুক্তি ও আইনি শর্তাবলির প্রতিবিধান ছাড়াও, নেতৃত্ব পরিবর্তন তখনই বিবেচিত হবে যখন দুই বছরের বেশি সময়কাল ধরে একটি স্কুল তার শিক্ষার্থীদের অর্জনের লক্ষ্যপূরণে কোন অগ্রগতি দেখাবে না বা সামান্য অগ্রগতি দেখাবে, এবং মান নিরীক্ষণে দেখা যায় যে এই লক্ষ্যপূরণে তার সামান্যই ক্ষমতা আছে বা একেবারেই নেই। পরবর্তী প্রিন্সিপ্যালের সময়েও দুই বছর ধরে অনুরূপ ফল ঘটতে থাকলে, স্কুল বন্ধের বিষয়টি বিবেচনা করা হবে।

নিরাপত্তা, শিক্ষার্থী ভর্তি, রাজস্বের অখন্ডতা, বা সঙ্গতির মতো অ-প্রাতিষ্ঠানিক বিষয়ে ক্ষমতায়ন স্কুলগুলির বার্ষিক পরিমাপ হবে, যদিও প্রয়োজন হলে আরো ঘন ঘন হস্তক্ষেপ করার অধিকার ডি.ও.ই. সংরক্ষণ করে। প্রতি বছরের শেষে, ডি.ও.ই. নিচের বিষয় সম্পর্কিত তথ্য নিরীক্ষণ করবে:

- একটি নিরাপদ শিক্ষণ পরিবেশ বজায় রাখা
- ডি.ও.ই.-এর ভর্তি, বদলি এবং অব্যাহতি সম্পর্কিত সকল নীতিমালা মেনে চলা
- আপনার স্কুলের জন্য বরাদ্দকৃত বাজেটের সঙ্গে সঙ্গতি রেখে ব্যয় করা
- সংগ্রহের আইন এবং প্রক্রিয়ার সঙ্গে সঙ্গতি রাখা
- সময়ানুগ ও যথাযথ উপাত্ত রিপোর্ট করা
- অন্য সব প্রযোজ্য আইন, চুক্তি এবং প্রবিধানের সঙ্গে সঙ্গতি রাখা

এছাড়াও, আপনাকে বছরে অন্তত একবার সনদ দিতে হবে যে আপনার স্কুল নির্দিষ্ট আইন এবং প্রবিধানের সাথে সঙ্গতি রেখেছে। এর অন্তর্ভুক্ত রয়েছে তবে সীমিত নয়, প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য পরিষেবার পরিবর্ধন ও মুল্যায়নের শর্তাবলি এবং ইংরেজি ভাষা শিক্ষার্থীদের শিক্ষানির্দেশনাগত কর্মসূচি চিহ্নিত করা ও ব্যবস্থা করা।

এই সকল বিষয়ের যে কোন একটিতে উপাদানগত পার্থক্য ঘটলে তাৎক্ষণিক পরিণতি ভোগ করতে হতে পারে।

এই চুক্তিপত্রে যে সব লক্ষ্যের রূপরেখা বর্ণনা করা হয়েছে, সেগুলোকেও সম্ভবত আপনার 'প্রিন্সিপ্যালের কার্যসম্পাদনা নিরীক্ষণ'-এর সময় প্রয়োগ করা হবে মুল্যায়ন প্রক্রিয়ায় ধারাবাহিকতা বজায় রাখার জন্য।

## V. চুক্তিপত্র সংশোধন/বাতিল

ক্ষমতায়ন স্কুলের লক্ষ্য এবং উদ্দেশ্যের সাথে ধারাবাহিকতা বজায় রাখার জন্য মুখ্য নিবার্হী কর্মকর্তা আপনার সঙ্গে পরামর্শ করে এই চুক্তিপত্রের শর্তাবলি বছরে একবার সংশোধন করতে পারেন। ক্ষমতায়িত স্কুলের একজন প্রিন্সিপ্যাল যিনি এই কার্যসম্পাদনার চুক্তিপত্র থেকে বেরিয়ে আসতে চান, তিনি প্রতি বছর ১ জুলাই থেকে ১৫ জুলাইয়ের মধ্যে মুখ্য নিবার্হী কর্মকর্তা বরাবর লিখিত অনুরোধ জানিয়ে অব্যাহতির জন্য অনুমতি চাইতে পারেন। নেতৃত্ব পরিবর্তনের ঘটনা ঘটলে, ক্ষমতায়িত স্কুলগুলি পূর্বাবস্থায় থাকবে যদি না তারা এই "অনুমোদত" সময়ের মধ্যে চুক্তি পরিত্যাগ করার অনুমতি পেয়ে যায়। ডিপার্টমেন্ট অব এডুকেশন যে কোন সময় এই কার্যসম্পাদনার চুক্তিপত্র বাতিল করার এবং এই কর্মসূচিতে অংশগ্রহণ করা থেকে কোন স্কুলকে বিরত রাখার

**ক্ষমতায়িত স্কুলের কার্যসম্পাদনার চুক্তি ২০০৬–২০০৭**

# EMPOWERMENT SCHOOL PERFORMANCE AGREEMENT 2006-2007

অধিকার সংরক্ষণ করে। নিচে স্বাক্ষর করার মাধ্যমে আপনি উল্লিখিত রূপরেখায় বর্ণিত ক্ষমতায়নের প্রতি এবং আপনার সমগ্র স্কুল কম্যুনিটির সঙ্গে কাজ করে এর ক্ষমতাকে নিয়ন্ত্রণের মাধ্যমে শিক্ষার্থী–অর্জনকে উন্নত করার জন্য দায়বদ্ধতা স্বীকার করছেন।

☐ এই কার্যসম্পাদনার চুক্তিপত্রে স্বাক্ষর করার বিষয়ে আপনার সিদ্ধান্তটি আপনি আপনার স্কুল কম্যুনিটির সঙ্গে পরামর্শ করে নিয়েছেন, তা জানানোর জন্য অনুগ্রহ করে ঘরটিতে টিকচিহ্ন দিন।

| | |
|---|---|
| School Name / স্কুলের নাম | School Code / স্কুলের কোড |
| Principal Name / প্রিন্সিপ্যালের নাম | Principal Signature / প্রিন্সিপ্যালের স্বাক্ষর |
| CEO, Empowerment Schools Name<br>ক্ষমতায়িত স্কুলের সি.ই.ও.র নাম | CEO, Empowerment Schools Signature<br>ক্ষমতায়িত স্কুলের সি.ই.ও.র স্বাক্ষর |
| Date / তারিখ | Date / তারিখ |
| Chief Accountability Officer Name<br>চিফ অ্যাকাউন্টেবিলিটি অফিসারের নাম | Chief Accountability Officer Signature<br>চিফ অ্যাকাউন্টেবিলিটি অফিসারের স্বাক্ষর |